# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি)

কাওরান বাজার,ঢাকা ।

স্মারক নং-২৪.০৩.০০০০.১০৩.৬০.১১০.১৫ তারিখঃ-২২/১২/২০১৯খ্রিঃ

**বিটিএমসি'র ইনোভেশন টিমের / ডিসেম্বর- ২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

১.০০ বিটিএমসি'র ইনোভেশন (Innovation) টিমের ডিসেম্বর ২০১৯ মাসের মাসিক সভা অদ্য ১০/১২/২০১৯খ্রিঃ তারিখে জনাব মোঃ মহিউদ্দিন, প্রধান হিসাব রক্ষক ও ইনোভেশন ফোকাল পয়েন্ট ,ইনোভেশন টিম, বিটিএমসি এর সভাপতিত্বে তাঁর দপ্তরে সকাল ৯.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের সকল সদস্য ও বিশেষ আমন্ত্রনে জনাব মোহাম্মদ আলী জিন্নাহ,ইনচার্জ সাধারন কর্মশাখা উপস্থিত ছিলেন (তালিকা সংযুক্তি-১)। সভাপতি সকলকে সভায় স্বাগত জানান।

২.০০ অতঃপর সভাপতি ইনোভেশন সভার আলোচ্যসূচী নিয়ে বিস্তারিত আলোচনা করেন । সভায় বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরন সংক্রান্ত | সভায় বিস্তারিত আলোচনাক্রমে বিটিএমসি'র নিম্নলিখিত উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের ক্ষেত্রসমূহ নির্বাচন করা হয়ঃ-<br>➢ আর্থিক ব্যবস্থাপনা<br>➢ ইনভেন্টরী ব্যবস্থাপনা<br>➢ সম্পত্তি ব্যবস্থাপনা<br>➢ অডিট ব্যবস্থাপনা<br>➢ ভাড়া ব্যবস্থাপনা<br>➢ পেনশন ব্যবস্থাপনা<br>অতঃপর প্রধান হিসাব রক্ষক (অতিঃদাঃ) ও ফোকাল পয়েন্ট ইনোভেশন টিম উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের ক্ষেত্রসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করে উদ্ভাবনী উদ্যোগ/ধারনাসূহ প্রণয়ন করতে সকলকে নির্দেশনা দেন। | উদ্ভাবনী উদ্যোগ গ্রহনের ক্ষেত্রসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করে উদ্ভাবনী উদ্যোগ /ধারনাসমূহ প্রণয়ন করতে হবে । | ইনোভেশন টিমের সকল সদস্য,বিটিএমসি, ঢাকা। |
| ২. | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত | প্রধান হিসাব রক্ষক (অতিঃদাঃ) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম উদ্ভাবনী উদ্যোগ গ্রহন ও বাস্তবায়নের বিভিন্ন বিষয় আলোচনা করেন। তিনি বলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং ২৪.০৩.০০০০.১২৩.৯৯.০০৪.১৬.১০৪ তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগ বা ধারনা আহবান করা হয়। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে বিটিএমসি গত ২১/১০/২০১৯ খ্রিঃ তারিখে ২ টি উদ্ভাবনী উদ্যোগ বা ধারনা সংস্থার চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরিত নিম্নবর্নিত ২টি উদ্ভাবনী উদ্যোগ বা ধারনা বাস্তবায়নের বিষয়টি সাধারন কর্মশাখা সংশ্লিষ্ট । নিম্নে বিস্তারিত আলোচনা করা হলোঃ | | ইনোভেশন টিমের সকল সদস্য,বিটিএমসি, ঢাকা। |

অপর পাতা-২

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২. | (পূর্ব পাতার পর) উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত | (১) Digital Store Management. **প্রধান হিসাব রক্ষক (অতিঃদাঃ) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন,** বিটিএমসি প্রধান কার্যালয়ের সাধারন কর্মশাখায় একটি Store (ভান্ডার) রয়েছে। এর মাধমে যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু, মালামালের দিনভিত্তিক, মাসভিত্তিক ও বাৎসরিক প্রতিবেদন সংক্রান্ত সকল কার্যক্রম Digital Store Management এর মাধ্যমে সম্পন্ন করা হবে । এ লক্ষ্যে সাধারন কর্মশাখা হতে ভান্ডার ব্যবস্থাপনায় অভিজ্ঞ ও কম্পিউটার পরিচালনায় পারদর্শী একজন কর্মকর্তাকে নিয়োজিত করার বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন। সভায় ইনচার্জ সাকশা জানান, Digital Store Management বাস্তবায়নের জন্য ১টি কম্পিউটার ক্রয়ের প্রয়োজন হবে। | (১) সাধারন কর্মশাখা হতে ভান্ডার ব্যবস্থাপনায় অভিজ্ঞ ও কম্পিউটার পরিচালনায় পারদর্শী একজন কর্মকর্তাকে নিয়োজিত করতে হবে।<br>(২) Store এর জন্য একটি পৃথক কম্পিউটার এর ব্যবস্থা করতে হবে। | বাস্তবায়নেঃ সাধারন কর্মশাখা,বিটিএমসি ,ঢাকা। পর্যবেক্ষনেঃ ১। জনাব সন্দীপ লাহিড়ী,সদস্য-সচিব ইনোভেশন টিম |
| | | (২) Basic Information Display **প্রধান হিসাব রক্ষক (অতিঃদাঃ) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন বিটিএমসি প্রধান কার্যালয়ে** Basic Information Display স্থাপন করা হবে। এতে বিটিএমসি'র মৌলিক তথ্যাদি উপস্থাপিত হতে থাকবে। এ লক্ষ্যে **বিটিএমসি'র ২য় ও তৃতীয় তলায়** Basic Information Display স্থাপন করার জন্য ২টি টিভি মনিটর ক্রয় করার বিষয়ে সভায় সকলে একমত পোষন করেন। এছাড়া Information Display প্রস্তুত করার জন্য Presentation সংগ্রহ ও কারিগরী তথ্য সাকশা সংগ্রহ করবে বলে সভায় আলোচনা হয়। | (১) সাধারন কর্মশাখা ২টি টিভি মনিটর সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।<br>(২)Presentation সংগ্রহ ও কারিগরী তথ্য সাকশা সংগ্রহ করবে। | বাস্তবায়নেঃ সাধারন কর্মশাখা,বিটিএমসি ,ঢাকা। পর্যবেক্ষনেঃ ১। জনাব রফিকুল ইসলাম ,সদস্য-সচিব ইনোভেশন টিম |
| ৩. | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ ও ১ দিনের প্রশিক্ষন /কর্মশালা আয়োজন সংক্রান্তঃ | প্রধান হিসাব রক্ষক (অতিঃদাঃ) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন বিটিএমসি'র বাষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষন গত ২৪-২৫ নভেম্বর অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের গত ২৫/১১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন সভার নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয় ও অন্যান্য দপ্তর সংস্থার সমন্বয়ে আগামীতে অবশিষ্ট ২দিনের ১টি প্রশিক্ষন কর্মশালা আয়োজন করা হবে। | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষন কর্মশালা আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। জনাব সন্দীপ লাহিড়ী,সদস্য-সচিব ইনোভেশন টিম ২। জনাব রফিকুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম। |
| | | এছাড়া তিনি ১ দিনের কর্মশালা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১ দিনের প্রশিক্ষন আয়োজনের যাবতীয় বিষয়ে নির্দেশনা দেন। | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী জানুয়ারী-২০২০ মাসে ১ দিনের কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহন করতে হবে। | |

৩.০০ সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-২২/১২/১৯ খ্রিঃ
মোঃ মহিউদ্দিন
প্রধান হিসাব রক্ষক(অতিঃদাঃ)
ও
ইনোভেশন ফোকাল পয়েন্ট,বিটিএমসি